বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
অর্থ বিভাগ
www.badc.gov.bd

স্মারক নং- ১২.২৩১০১৬.০১.০০.৫০৪.২০১৫- ১৬৮১ তারিখ :১৩ মে, ২০২১খ্রিঃ

বিষয়ঃ **২০২০-২১ অর্থ বছরে অনুন্নয়ন বাজেটের আওতায় পরিচালন ব্যয় নির্বাহের নিমিত্ত আর্থিক প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইতোমধ্যে ২০২০-২১ অর্থ বছরের ১০ (দশ) মাস অতিবাহিত হলেও বিএডিসি'র বিভিন্ন বিভাগের অনুন্নয়ন বাজেটের আওতায় পরিচালন ব্যয়ের বিপরীতে গৃহীত আগাম সমন্বয় এবং বিভিন্ন ধরনের বিল/ভাউচারের অর্থ পরিশোধের নিমিত্ত ২০২০-২১ অর্থ বছরে পরিশোধযোগ্য প্রয়োজনীয় সংখ্যক নথি অদ্যাবধি অর্থ বিভাগে প্রেরণ করা হয়নি। ২০২০-২১ অর্থ বছরের ৩য় প্রান্তিক হতে অর্থাৎ জানুয়ারি ২০২১ মাস হতে বিএডিসি'র অনুন্নয়ন বাজেটের আওতায় সকল ব্যয়নির্বাহ iBAS++ এর মাধ্যমে সম্পন্ন হচ্ছে এবং iBAS++ এর মাধ্যমে বিল পরিশোধের সময়সীমা স্বয়ংক্রিয়ভাবে ৩০ জুন,২০২১ তারিখে বন্ধ হয়ে যাবে। এমতাবস্থায় সংশ্লিষ্ট সকল বিভাগ/দপ্তর চলতি অর্থ বছরের প্রাপ্ত সংশোধিত বাজেটের আলোকে সকল ধরনের বিল/ভাউচার যথাসময়ে পরিশোধের নিমিত্ত এসংক্রান্ত নথিসমূহ আগামী ২০ মে, ২০২১ তারিখের মধ্যে অর্থ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। অন্যথায় বিল পরিশোধে বিভিন্ন ধরণের জটিলতা সৃষ্টির সম্ভাবনা থাকতে পারে। উল্লেখ্য যে, ২০২০-২১ অর্থ বছরে সংশ্লিষ্ট খাতসমূহে বাজেট স্থিতি থাকা সাপেক্ষে কোন ধরণের পরিশোধযোগ্য বিল বকেয়া রাখা যাবে না।

১৩/৫/২০২১

(মোঃ কামরুল হাসান)
মহাব্যবস্থাপক (অর্থ)
বিএডিসি, ঢাকা।

JC/Programmer
05.05.21

প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য:

১. ---------- বিএডিসি, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):-

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
২. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা/ অর্থ/ ক্ষুদ্রসেচ/ বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৩. সচিব, মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৪. অফিস কপি।